



K-2 Standards Based Report Card

যে প্রশ্নগুলো প্রায়শ জিজ্ঞাসা করা হয়

স্ট্যান্ডার্ড ভিত্তিক রিপোর্ট কার্ড কি ?

একটি স্ট্যান্ডার্ড ভিত্তিক রিপোর্ট কার্ড বিশেষ শ্রেণীতে প্রতিটি বিষয়ে ছাত্রছাত্রীদের যেসকল গুরুত্বপূর্ণ দক্ষতা শেখার দরকার তা সম্পর্কে আলোকপাত করে। এ বৎসর কেজি হতে দ্বিতীয় শ্রেণীর ছাত্রছাত্রীরা বিশেষ দক্ষতা সম্পর্কে তাদের অগ্রগতি বা উন্নতি সম্পর্কে বছরে চার বার রিপোর্ট লাভ করবে। প্রতিটি মার্কিং পিরিয়ডে ছাত্রছাত্রীগণের আশানুরূপ অগ্রগতি এবং দক্ষতার মাত্রা রুব্রিক দ্বারা নির্ণয় করা হবে।

স্ট্যান্ডার্ড বেসড রিপোর্ট কার্ডের মুখ্য উদ্দেশ্য কি ?

এই রিপোর্ট কার্ডের মুখ্য উদ্দেশ্য হলো আপনার সন্তানের বিশেষ বিষয়ে তার অগ্রগতির ছবি তুলে ধরা। যেখানে গতানুগতিক রিপোর্ট কার্ড সাধারণ বিষয়ে ছাত্র ছাত্রীর অগ্রগতি সম্পর্কে আলোকপাত করে, অন্যদিকে স্ট্যান্ডার্ড ভিত্তিক রিপোর্ট কার্ড ছাত্রছাত্রীর বিশেষ দক্ষতায় পারদর্শিতা এবং অগ্রগতি সম্পর্কে আলোকপাত করে। এ শিক্ষা বিষয়ক লক্ষ্য যা নিউ জার্সি স্টুডেন্ট লার্নিং স্ট্যান্ডার্ড এর প্রতিফলন, ছাত্রছাত্রীর স্কুলে কৃতকার্যতার জন্য আবশ্যিকীয় এবং খুব গুরুত্বপূর্ণ।

রুব্রিক কি ?

রুব্রিক হলো বিভিন্ন বৈশিষ্ট্য সম্বলিত নম্বর প্রদানের বিশেষ টুল যা কোনো কাজ বিশ্লেষণ করে। উদাহরণ স্বরূপ, কোনো লিখিত বিষয় (বেখ্যামূলক, তথ্য মূলক, মতামত) কি কি বিষয়ে আলোকপাত করা দরকার এবং কি বিষয়বস্তু বিশ্লেষণের ভিত্তিতে নম্বর দেয়া হবে তার নির্দেশনা প্রদান করে। একটি মানসম্মত রুব্রিক প্রতিটি বিষয়ে কি গুণাবলী থাকা দরকার তা সচরাচ পয়েন্ট স্ক্যালাে বেখ্যা করে।

রিপোর্ট কার্ডে কি সামাজিক এবং অধ্যয়ন সম্পর্কে তথ্য দেয়া হবে ?

হ্যাঁ, রিপোর্ট কার্ডের একটি বিশেষ সেকশন যার নাম " লার্নিং সাপোর্ট" যেটা একাডেমিক বিষয়ক তথ্য হতে ভিন্ন সেখানে ছাত্রের সামাজিক এবং অধ্যয়ন অভ্যাস সম্পর্কে তথ্য দেয়া হবে এবং এখানে শিক্ষক/শিক্ষিকার মন্তব্য করার জন্য নির্দিষ্ট স্থান থাকবে।

স্ট্যান্ডার্ড ভিত্তিক রিপোর্ট কার্ডের দ্বারা অভিভাবকগণ কিভাবে উপকৃত হবেন বা এটার সুবিধা কি?

স্ট্যান্ডার্ড ভিত্তিক রিপোর্ট কার্ড স্কুলে আপনার সন্তানের কার্যকরিতা এবং সাফল্য সম্পর্কে সুগভীর তথ্য জানার সুযোগ করে দেবে। যদিও এটা বিশেষ স্ট্যান্ডার্ড সম্পর্কে আপনাকে অবহিত করবে তথাপি এটা শিক্ষক এবং অভিভাবকগণ উভয়ই ছাত্রকে তার নিজস্ব শ্রেণীর লক্ষ্য পৌঁছানোর বেপারে সাহায্য করতে পারবেন। এ ছাড়াও স্ট্যান্ডার্ড ভিত্তিক রিপোর্ট কার্ড এবং সেই সঙ্গে অন্তর্ভুক্ত রুব্রিক এক শিক্ষক থেকে অন্য শিক্ষককে আপনার সন্তানের কৃতকার্যতা সম্পর্কে অধিকতর ধারাবাহিক বর্ণনা দিতে সক্ষম হবে।

রিপোর্ট কার্ডে কৃতকার্যতার মানদণ্ড কি ?

রিপোর্ট কার্ডে শিক্ষক/শিক্ষিকা নিম্নলিখিত কোড ব্যবহার করে ছাত্রের ফলাফল বা অগ্রগতি সম্পর্কে রিপোর্ট করে থাকেন, যা নিম্নে উল্লেখ করে হলো :

৪= আশাতিরিক্ত সাফল্য : ছাত্র যখন আশাতিরিক্ত ফলাফল এবং সাফল্য লাভ করবে যা তার শ্রেণীর মৌলিক শিক্ষণীয় বিষয় লক্ষ্য হতে বেশি

৩= আশানুরূপ সাফল্য: ছাত্র ধারাবাহিক ভাবে মৌলিক বিষয় এবং দক্ষতা গুলো সফলতার সাথে মেটাতে পারবে

২= সাফল্যের কাছাকাছি : ছাত্র মৌলিক বা গুরুত্বপূর্ণ বিষয়গুলোতে ধীরে ধীরে অগ্রগতি লাভ করবে

১= সাহায্যের প্রয়োজন/অকৃতকার্য : ছাত্র এখনো কৃতকার্যতা সাথে বিশেষ বিষয়গুলো শিখতে পারেনি এবং সাহায্যের দরকার

কিভাবে শিক্ষক শিক্ষিকা ছাত্রের সাফল্য যাচাই বা নির্ণয় করেন ?

প্রতি বছর আমাদের শিক্ষক শিক্ষিকাগণ বিভিন্ন ধরনের পরীক্ষার মাধ্যমে শ্রেণীগত স্ট্যান্ডার্ডে ছাত্রছাত্রীর অগ্রগতি এবং সাফল্যের মাত্রা নির্ধারণ করে থাকেন। ছাত্রছাত্রীর সাফল্যের মাত্রা এবং অগ্রগতি উন্নয়নের কোড এর পাশাপাশি শিক্ষকগণ আমাদের ডিস্ট্রিক্ট তৈরী রুব্রিক ব্যবহার করে থাকেন। এ রুব্রিকগুলো স্পষ্টভাবে ছাত্রদের ১,২,৩, বা ৪ পাওয়ার জন্য কি জানা দরকার এবং কি শিখতে সক্ষম তার নির্দেশনা প্রদান করে। এ রুব্রিকগুলো আপনার নিজের অবগতির জন্য <https://www.nj.gov/education/cccs/> এ ওয়েবসাইট দেয়া আছে!

আমি কিভাবে আমার সন্তানের সাথে তার রিপোর্ট কার্ড বা ফলাফল শেয়ার করতে পারি ?

আপনি কিভাবে রিপোর্ট কার্ড বা ফলাফল আপনার সন্তানের সাথে শেয়ার করবেন , তা যদিও আপনার ব্যক্তিগত বা আপনার নিজস্ব ব্যাপার, তবুও আমরা পরামর্শ দেব, আপনি পুরো রিপোর্ট কার্ড নিয়ে আলোচনা না করে কিছু বিশেষ বিষয় যাতে আপনার সন্তান পারদর্শিতা লাভ করেছে এবং কিছু বিষয় সে দুর্বল সে বিষয় আলোকপাত করুন। এ ধরনের আলোচনা আপনার সন্তানকে লক্ষ্য স্থির করা এবং নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করবে।

আমার সন্তানের বিশেষ ধরনের শিক্ষার প্রয়োজন (Special Needs) এবং পৃথক ধরনের শিক্ষা পরিকল্পনা (IEP) রয়েছে , এ ক্ষেত্রে আমার সন্তানকে কিভাবে মূল্যায়ন করা হবে?

নির্দিষ্ট গ্রেড লেভেল স্ট্যান্ডার্ড অগ্রগতি এবং সফলতার অর্জনের জন্য এবং এ বিষয়ে সহায়তা প্রদানের জন্য ইন্ডিভিজুয়াল এডুকেশন প্ল্যান (IEP) বা পরিকল্পনা লিপিবদ্ধ করা হয়ে থাকে। আপনার সন্তানের মূল্যায়নের ক্ষেত্রে আমাদের এ ধরনের সাহায্য এবং পরিবর্তন যা তার IEP তে লিপিবদ্ধ করা হয়েছে তার ভিত্তিতে করা হবে। প্রতিটি ছাত্র তার নিজস্ব গতিতে শিক্ষা ক্ষেত্রে অগ্রসর হয়, সুতরাং, নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছানোর জন্য কতটা সময় এবং কতটুকু শিক্ষকের সাহায্যের প্রয়োজন তাও ছাত্র ভেদে ভিন্ন হতে পারে।

এ বিষয় আরো জানার জন্য আমাদের ডিস্ট্রিক ওয়েব সাইটএ দেখুন :

<https://academicservicespps.wixsite.com/k2reportcard>

আরো তথ্য পেতে দেখুন :

Wyckoff Public Schools www.wyckoffps.org/domain/467

Weehawken Public Schools: <http://tinyurl.com/SBRCs>

Bellingham Public Schools: Bellinghamschools.org

Quabbin Regional School District: <http://www.qrsd.org/>

NJSLS: <https://www.nj.gov/education/cccs>